**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 16.08.2026** **Desk in Charge: SDG**

**Time: 1-30 PM** **Edit & Compile: Debarata M./ Nibedita L.**

**DEO: KB** **NRT:- Nibedita L.**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি -

বিশেষ বিশেষ খবর-

১) ভারতের সভাপতিত্বে আগামী মঙ্গলবার নতুন দিল্লিতে দ্বাদশ ব্রিকস গোষ্ঠীর পরিবেশ মন্ত্রীদের বৈঠক অনুষ্ঠিত হবে।

২) সেন্ট্রাল বোর্ড অফ ডাইরেক্ট ট্যাক্সেস- CBDT ২০২৬ সালের ক্ষুদ্র করদাতাদের বিদেশি সম্পদ জানানো প্রকল্পের নিয়মাবলী ঘোষণা করেছে।

৩) ভারতের ৮০তম স্বাধীনতা দিবস উপলক্ষে বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানদের শুভেচ্ছা বার্তার প্রেক্ষিতে ধন্যবাদ জানিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৪) পশ্চিমবঙ্গে আজ আনুষ্ঠানিকভাবে চালু হচ্ছে কেন্দ্রের স্বাস্থ্যবিমা প্রকল্প আয়ুষ্মান ভারত। ১৬ অগস্টকে 'আয়ুষ্মান দিবস' হিসেবে পালনেরও ঘোষণা করেছে রাজ্য সরকার।

৫) দেশ আজ প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর প্রয়াণ দিবসে তাঁকে শ্রদ্ধা জানাচ্ছে।

6) ন্যাশনাল টেস্টিং এজেন্সি আজ ৮৪-টি বিষয়ে UGC-NET জুন ২০২৬, পরীক্ষার সাময়িক উত্তরপত্র প্রকাশ করেছে।

*****************************************************************

নতুন দিল্লিতে আগামী মঙ্গলবার দ্বাদশ ব্রিকস গোষ্ঠীর পরিবেশ মন্ত্রীদের বৈঠক অনুষ্ঠিত হবে। বৈঠকের আগে ব্রিকসের পরিবেশ বিষয়ক বরিষ্ঠ আধিকারিকদের এবং জলবায়ু পরিবর্তন ও টেকসই উন্নয়ন বিষয়ক কন্ট্যাক্ট গ্রুপের বৈঠকও আয়োজিত হবে।

বৈঠকের মূল বিষয় হলো, স্থিতি স্থাপকতা, উদ্ভাবন, সহযোগিতা এবং উন্নয়ের স্থায়িত্ব। বৈঠকে সভাপতিত্ব করবেন কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন দফতরের মন্ত্রী ভূপেন্দ্র যাদব। পরিবেশ মন্ত্রক জানিয়েছে, বৈঠকে পরিবেশগত সহযোগিতা এবং বিভিন্ন বিষয়ে ঐকমত্য গড়ে তুলতে বিস্তারিত আলোচনা হবে। ভারত এক্ষেত্রে চারটি অগ্রাধিকারমূলক ক্ষেত্রকে চিহ্নিত করেছে। এগুলি হলো, বনসৃজন, দাবানল নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা, দুর্যোগ মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধি এবং পুনর্নবীকরণ অর্থনীতি।

****************************

সেন্ট্রাল বোর্ড অফ ডাইরেক্ট ট্যাক্সেস CBDT ২০২৬ সালের 'ফরেন অ্যাসেটস অফ স্মল ট্যাক্সপেয়ার্স-ডিসক্লোজার স্কিম FAST-DS বা ক্ষুদ্র করদাতাদের বিদেশি সম্পদ জানানো প্রকল্পের নিয়মাবলী ঘোষণা করেছে। এই প্রকল্পের আওতায় যোগ্য করদাতারা নির্দিষ্ট অর্থের বিনিময়ে তাঁদের অপ্রকাশিত বিদেশি সম্পদ বা আয় ঘোষণা করার সুযোগ পাবেন।

প্রকল্পটি আজ থেকে কার্যকর হবে। ৩১শে ডিসেম্বরের মধ্যে এ সংক্রান্ত তথ্য জানান যাবে। অর্থ আইনের আওতায় প্রকল্পটি কার্যকর হবে।

****************************

ভারতের ৮০তম স্বাধীনতা দিবস উপলক্ষে শুভেচ্ছা বার্তাই বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানদের ধন্যবাদ জানিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

সামাজিক মাধ্যমে এক বার্তায় মালদ্বীপের রাষ্ট্রপতি মোহাম্মদ মুইজ্জুকে ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, দুই দেশের মানুষের কল্যাণে ভারত-মালদ্বীপ সম্পর্ক আরও জোরদার হবে। নেপালের রাষ্ট্রপতি রামচন্দ্র পৌডেলকে ধন্যবাদ জানিয়ে রাষ্ট্রপতি বলেন, আগামী দিনে ভারত-নেপাল বিশেষ অংশীদারিত্ব আরও শক্তিশালী করার দিকে ভারত দৃষ্টি রেখেছে।

স্লোভাকিয়ার রাষ্ট্রপতি পিটার পেলেগ্রিনিকে ধন্যবাদ জানিয়ে তিনি ভারত-স্লোভাকিয়া সম্পর্ক আরও মজবুত করার আশা প্রকাশ করেন ।

অপরদিকে ইজরায়েলের রাষ্ট্রপতি আইজ্যাক হারজগকেও ধন্যবাদ জানিয়ে ভারত ও ইজরায়েলের মানুষের মধ্যে বন্ধুত্বের বন্ধন আরও দৃঢ় হবে বলে আশা ব্যক্ত করেন শ্রীমতী মুর্মু।

এদিকে, স্বাধীনতা দিবস উপলক্ষে বিশ্বনেতাদের শুভেচ্ছা বার্তায় পাঠানোর প্রেক্ষিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সকলকে ধন্যবাদ জানিয়েছেন। নেপালের প্রধানমন্ত্রী বালেন্দ্র শাহের শুভেচ্ছার প্রত্যুত্তরে প্রধানমন্ত্রী মোদী বলেন, দুই দেশের জনগণের সমৃদ্ধি ও কল্যাণের লক্ষ্যে ভারত ও নেপালের মধ্যে যে বহু-মাত্রিক দীর্ঘস্থায়ী সম্পর্ক রয়েছে, তাঁকে আরও শক্তিশালী করতে তাঁরা একযোগে কাজ করবেন।

ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগেকে তাঁর শুভেচ্ছার জন্য ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, ভুটানের সঙ্গে ভারতের বিশেষ দীর্ঘস্থায়ী অংশীদারিত্বকে ভারত অত্যন্ত গুরুত্ব দেয় এবং এই সম্পর্ক আরও শক্তিশালী হয়ে উঠছে।

স্লোভাক প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি পিটার পেলেগ্রিনির বার্তার প্রত্যুত্তরে শ্রী মোদী বলেন, ভারত ও স্লোভাকিয়ার মধ্যে বিভিন্ন ক্ষেত্রে অংশীদারিত্বকে আরও শক্তিশালী করার বিষয়ে তিনি আশাবাদী। ফ্রান্সের রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁ এবং মালদ্বীপের প্রেসিডেন্ট ড. মোহাম্মদ মুইজ্জুও শুভেচ্ছা পাঠিয়েছেন।

*****************************

শ্রী রামকৃষ্ণ পরমহংসের তিরোধান দিবসে তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী শাহ বলেন, আধুনিক ভারতের মহান চিন্তাবিদ এবং মা কালীর একনিষ্ঠ সাধক শ্রী রামকৃষ্ণ পরমহংসদেব ভারতীয় সনাতন ঐতিহ্যের গভীর শক্তি ও আধ্যাত্মিক চেতনাকে মানুষের মধ্যে ছড়িয়ে দিয়েছিলেন।

তিনি বলেন, শ্রী রামকৃষ্ণ ধর্মকে শুধু বিশ্বাসের মধ্যে সীমাবদ্ধ রাখেননি, বরং তা মানবসেবা ও জনকল্যাণের মাধ্যম হিসেবে প্রতিষ্ঠিত করেছিলেন। তাঁর মহান চিন্তাধারা ও আদর্শ চিরকাল সমাজকে পথ দেখাবে বলেও মন্তব্য করেন স্বরাষ্ট্রমন্ত্রী।

******************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সব রাজনৈতিক দলের কাছে আহ্বান জানিয়েছেন তারা যেন সংসদ ও রাজ্য বিধানসভাগুলিতে মহিলাদের সংরক্ষণ কার্যকর করার বিষয়টিকে রাজনৈতিক লড়াইয়ে পরিণত না করে এতে সমর্থন জানান।

লাল কেল্লার প্রাকার থেকে জাতির উদ্দেশে স্বাধীনতা দিবসের ভাষণে প্রধানমন্ত্রী বলেন মহিলাদের যথাযথ সম্মান জানাতে এবং তারা যাতে যত দ্রুত সম্ভব বিধানসভা ও লোকসভায় ৩৩ শতাংশ প্রতিনিধিত্ব নিশ্চিত করতে পারেন, তা নিশ্চিত করতে সবাই যেন এগিয়ে আসেন। তিনি বলেন, দেশের নীতি-নির্ধারণে অবদান রাখার সুযোগ নারীদের দেওয়া উচিত।

( BYTE- PM/ Woman )

******************************

রাজ্যে বিজেপি সরকারের ১০০ দিন পূর্ণ হচ্ছে আজ। ক্ষমতায় আসার শততম দিনে আজ আনুষ্ঠানিকভাবে চালু হচ্ছে কেন্দ্রের স্বাস্থ্যবিমা প্রকল্প আয়ুষ্মান ভারত। একই সঙ্গে ১৬ অগস্টকে ‘আয়ুষ্মান দিবস’ হিসেবে পালনেরও ঘোষণা করেছে রাজ্য সরকার।

নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে রাজ্য সরকারের পক্ষ থেকে আজ এক অনুষ্ঠানে আয়ুষ্মান ভারত কার্ড বিতরণ শুরু হবে। যাঁরা কোনও কারণে আয়ুষ্মান ভারতের আওতায় আসতে পারবেন না, তাঁদের জন্য সমপর্যায়ের সুবিধাসম্পন্ন ‘মুখ্যমন্ত্রী স্বাস্থ্যবীমা’ প্রকল্পও চালু করার কথা জানিয়েছে রাজ্য সরকার।

সরকারি হিসাব অনুযায়ী, রাজ্যে প্রায় ১ কোটি ৫০ লক্ষ পরিবার, অর্থাৎ প্রায় ৬ কোটি মানুষ আয়ুষ্মান ভারতের স্বাস্থ্যবিমা পরিষেবার আওতায় আসবেন। এর আগে রাজ্য সরকারের তরফে জানানো হয়েছিল, ইতোমধ্যেই প্রায় ৩ কোটি ৪০ লক্ষ মানুষের আয়ুষ্মান ভারতের জন্য নাম নথিভুক্ত হয়েছে।

স্বাস্থ্য পরিষেবাকে আরও সহজলভ্য এবং আর্থিকভাবে সুরক্ষিত করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগেই ঘোষণা করেছিলেন, ১৬ অগস্ট ‘খেলা হবে দিবস’-এর পরিবর্তে ‘আয়ুষ্মান দিবস’ পালন করা হবে।

****************************

ন্যাশনাল টেস্টিং এজেন্সি (NTA) আজ ৮৪-টি বিষয়ে UGC-NET জুন ২০২৬, পরীক্ষার সাময়িক উত্তরপত্র (provisional answer keys) প্রকাশ করেছে। একই সঙ্গে চ্যালেঞ্জ উইন্ডো খোলা হয়েছে। চলতি মাসের ১৮ তারিখ পর্যন্ত এই উইন্ডো খোলা থাকবে। পরীক্ষার্থীরা এই উইন্ডোর মাধ্যমে যেকোন উত্তরকে চ্যালেঞ্জ করতে পারবেন। NTA জানিয়েছে, প্রতিটি উত্তর চ্যালেঞ্জ করার জন্য ২-শো টাকা করে ফিজ জমা দিতে হবে। তবে, প্রতিটি চ্যালেঞ্জের সঙ্গে জমা দিতে হবে উপযুক্ত তথ্য প্রমাণ। অন্য কোন উপায়ে কোন উত্তর চ্যালেঞ্জ করা হলে তা গ্রাহ্য হবে না। চ্যালেঞ্জ করা উত্তরগুলি পরীক্ষা করার জন্য NTA একটি কমিটি গঠন করেছে।

****************************

দেশ আজ প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর প্রয়াণ দিবসে তাঁকে শ্রদ্ধা জানাচ্ছে। ২০১৮ সালের আজকের দিনেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনবার NDA সরকারের সময়কালে বাজপেয়ী প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেছিলেন। ১৯৯৬ সালে তাঁর প্রথম মেয়াদ ছিল মাত্র ১৩ দিনের। এরপর ১৯৯৮ থেকে ১৯৯৯ সাল পর্যন্ত তিনি দ্বিতীয় মেয়াদে এগারো মাস এবং ১৯৯৯ থেকে ২০০৪ সাল পর্যন্ত পূর্ণ মেয়াদে প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেন। ২০১৫ সালে তাঁকে ভারতের সর্বোচ্চ অসামরিক সম্মান 'ভারতরত্ন'-এ ভূষিত করা হয়। দিল্লিতে তাঁর স্মৃতিসৌধ 'সদৈব অটল'-এ বিশিষ্টজনেরা প্রাক্তন প্রধানমন্ত্রীর প্রতি শ্রদ্ধা নিবেদন করছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রাক্তন প্রধানমন্ত্রীকে অসাধারণ দূরদৃষ্টিসম্পন্ন অনন্য এক রাষ্ট্রনায়ক হিসেবে অভিহিত করেন, যিনি দেশের সেবায় নিজের জীবন উৎসর্গ করেছিলেন।

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেছেন প্রাক্তন প্রধানমন্ত্রী ছিলেন একজন তুখোড় সাংসদ, বলিষ্ঠ বক্তা। দক্ষ সাংবাদিক এবং সংবেদনশীল কবি হিসেবে তিনি স্মরণীয় হয়ে থাকবেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এক বার্তায় বলেন, অটল বিহারী বাজপেয়ী ছিলেন এমন এক দেশপ্রেমিক রাজনীতিবিদ, যিনি তাঁর জীবনের প্রতিটি মুহূর্ত দেশসেবায় উৎসর্গ করেছিলেন।

*****************************

রাজধানী দিল্লিতে আজ প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর স্মৃতিসৌধ 'সদৈব অটল'-এ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ, কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং, দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা এবং বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন সেখানে উপস্থিত ছিলেন।

*****************************

চিত্র পরিচালক রাজা সেন প্রয়াত। বেশ কিছুদিন অসুস্থ থাকার পর আজ সকালে তাঁর জীবনাবসান হয়। বয়স হয়েছিল একাত্তর বছর। বেশ কিছুদিন আগে শুটিং চলাকালীন কোমরে আঘাত লেগেছিল। পরবর্তীতে তা গুরুতর আকার নিলে পরিচালককে এসএসকেএম হাসপাতালে ভর্তি করা হয়। শেষ সময়ে তাকে ভেন্টিলেশনে রাখা হয়েছিল। স্ত্রী অভিনেতা পাপিয়া চক্রবর্তী সকালে আকাশবাণীকে তাঁর মৃত্যু সংবাদ নিশ্চিত করেন। পরিচালক রাজা সেন প্রথম জীবনে টেলিভিশনে আদর্শ হিন্দু হোটেল, আরোগ্য নিকেতন, অনির্বাণ, সুবর্ণলতা এই সমস্ত ধারাবাহিকের মাধ্যমে বাঙালি দর্শক মনে জনপ্রিয় হয়ে ওঠেন। ১৯৯৬ তে তাঁর পূর্ণদৈর্ঘ্যের চলচ্চিত্র দামু শ্রেষ্ঠ শিশু চলচ্চিত্র হিসেবে জাতীয় পুরস্কার পায়। এছাড়া 'আত্মীয়-স্বজন', 'দেশ', 'দেবীপক্ষ', 'কৃষ্ণকান্তের উইল', লিবারেটরি মৌবন আজ এবং মায়া মৃদঙ্গ তাঁর জীবনের উল্লেখযোগ্য চলচিত্রায়ন। ১৯৯৮ তে আত্মীয়-স্বজন ছবিটি কায়রো আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে সম্মানিত হয়েছিল। তিনি মোট তিনবার জাতীয় পুরস্কার লাভ করেন। উল্লেখযোগ্য তথ্যচিত্র গুলির মধ্যে রয়েছে সুচিত্রা মিত্র, শম্ভু মিত্র, সুভাষ মুখোপাধ্যায়, আলকাপ ইতিহাসের কলকাতা।

আমৃত্যু তিনি বাঙালি মনন ও সংস্কৃতির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে ছিলেন। জীবনের শুরু থেকে শেষ পর্যন্ত নাটকের সঙ্গে তার সম্পর্ক কোনদিন ছিন্ন হয়নি। পরিচালক রাজা

সেনের মৃত্যুতে বাংলার সাংস্কৃতিক মহলে গভীর শোকের ছায়া। তাঁর মতো পরিচালকের প্রকৃত মূল্যায়ন হয়নি বলে জানালেন অভিনেতা ঋতুপর্ণা সেনগুপ্ত। আকাশবাণীকে তিনি বলেন,ভেন্টিলেশনে থাকাকালীন সুস্থ হয়ে আবার ছবি শেষ করার আশা প্রকাশ করেছিলেন তাঁর কাছে।

******************************

রাজ্য বিধানসভার প্রাক্তন ডেপুটি স্পিকার আশিস বন্দ্যোপাধ্যায়ের অস্বাভাবিক মৃত্যু। আজ সকালে তার বাড়ি সংলগ্ন দলীয় কার্যালয় থেকে তাঁর ঝুলন্ত দেহ উদ্ধার করা হয়। আশিষবাবু ছিলেন রামপুরহাটের পাঁচ বারের বিধায়ক। এবার তিনি বিজেপি প্রার্থী ধ্রুব সাহার কাছে পরাজিত হন। কী ভাবে তাঁর মৃত্যু, এখনও স্পষ্ট নয়।

******************************

ওড়িশায় বৈতরনী নদীতে জলস্তর আবার বৃদ্ধি হওয়ায় জাজপুর জেলার বেশ কিছু এলাকা প্লাবিত হয়েছে এবং ভদ্রক জেলার গ্রামগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে। আখুয়াপারায় বৈতরনী নদী বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে, সেই সঙ্গে সালাণ্ডি, গেঙ্গুতি ও কোচিলা নদীর জলস্তর বৃদ্ধি পাওয়ায় ভদ্রকে বন্যার ঝুঁকি আরও বেড়েছে। আবহাওয়া দপ্তর (আইএমডি) রাজ্যে ভারী থেকে অতি ভারী বৃষ্টি অব্যাহত থাকার পূর্বাভাস দেওয়ায় ময়ূরভঞ্জ ও বালেশ্বরের জন্য লাল সতর্কতা' এবং আরও ছয়টি জেলার জন্য কমলা সতর্কতা' জারি করেছে।

******************************

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের জেরে আগামী মঙ্গলবার পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। মৎস্যজীবীদেরও আগামী মঙ্গলবার পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। এদিকে উত্তরবঙ্গে হিমালয় সন্নিহিত ৫ জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দফতরের বিজ্ঞানী ডক্টর অন্বেষা ভট্টাচার্য।

*****************************************************************************